# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫১২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১) পুরুষদের পেছেনের কাতারে ও মহিলাদের প্রথম কাতারে থাকা এবং কাতার বাঁকা হওয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من تأخر الرجال إلى أواخر صفوفهم وتقدم النساء إلى أوائل صفوفهن ومن اعوجاج الصفوف

---

আরবী

(صحيح) وَعَنْ النعمان بن بشير رَضِيَ اللَّهُ عَنْهُمَا قال: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: لَتُسَوُّنَّ صُفُوفَكُمْ أَوْ لَيُخَالِفَنَّ اللَّهُ بَيْنَ وُجُوهِكُمْ.
رواه مالك والبخاري ومسلم وأبو داود والترمذي والنسائي وابن ماجه

বাংলা

৫১২. (সহীহ্) নো'মান বিন বাশীর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতে শুনেছিঃ ”তোমরা তোমাদের কাতারগুলোকে সোজা করে নাও, অন্যথা আল্লাহ্ তোমাদের মুখমণ্ডল বিকৃত করে দিবেন।”[1]

(হাদীছটি বর্ণনা করেছেন মালেক, বুখারী ৭১৭, মুসলিম ৪৩৮, আবু দাউদ ৬৬৩, তিরমিযী, নাসাঈ ২/৮৯ ও ইবনে মাজাহ্ ৯৯৪)

বুখারী ব্যতীত অন্য সকলের আরেক বর্ণনায় আছেঃ

أنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُسَوِّي صُفُوفَنَا حَتَّى كَأَنَّمَا يُسَوِّي بِهَا الْقِدَاحَ حَتَّى رَآنا أَنَّا قَدْ عَقَلْنَا عَنْهُ ثُمَّ خَرَجَ يَوْمًا فَقَامَ حَتَّى كَادَ يُكبِّرُ فَرأَى رَجُلًا بَادِيًا صَدْرُهُ مِنْ الصَّفِّ فَقَالَ عِبَادَ اللَّهِ لَتُسَوُّنَّ صُفُوفَكُمْ أَوْ لَيُخَالِفَنَّ اللَّهُ بَيْنَ وُجُوهِكُمْ.

”রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের কাতারগুলোকে সোজা করে দিতেন। এমনকি মনে হতো তিনি যেন তীর সোজা করছেন। যখন তিনি দেখতেন যে আমরা (কাতার সোজা করার বিষয়টি) বুঝে নিয়েছি তখন ছাড়তেন। তারপর একদিন তিনি বের হলেন, নামাযের জন্যে তাকবীর দিবেন এমন সময় লক্ষ্য করলেন

জনৈক লোক কাতার থেকে নিজের বক্ষ বের করে দাঁড়িয়ে আছে। তখন তিনি বললেনঃ

’’আল্লাহর বান্দাগণ! তোমরা কাতার সোজা করবে, অন্যথা আল্লাহ্‌ তোমাদের মুখমণ্ডল বিকৃত করে দিবেন।’’

(সহীহ্‌) আবু দাউদ ও ইবনে হিব্বানের বর্ণনায় আছেঃ

أَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ  عَلَى النَّاسِ بِوَجْهِهِ فَقَالَ أَقِيمُوا صُفُوفَكُمْ أَوْ لَيُخَالِفَنَّ اللَّهُ بَيْنَ قُلُوبِكُمْ قَالَ فَرَأَيْتُ الرَّجُلَ يَلْزَقُ مَنْكِبَهُ بِمَنْكِبِ صَاحِبِهِ وَرُكْبَتَهُ بِرُكْبَةِ صَاحِبِهِ وَكَعْبَهُ بِكَعْبِهِ

রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা মানুষের দিকে মুখ করে দাঁড়ালেন। তারপর বললেনঃ ’’তোমরা কাতারগুলো কায়েম (সোজা) কর, অন্যথা আল্লাহ্‌ তোমাদের অন্তরের মাঝে বিভেদ সৃষ্টি করে দিবেন।’’

তিনি (নো’মান বিন বাশীর) বলেনঃ আমি দেখেছি একজন মুসল্লি পার্শ্ববর্তী ব্যক্তির কাঁধের সাথে কাঁধ, হাঁটুর সাথে হাঁটু এবং টাখনুর সাথে টাখনু লাগিয়ে দাঁড়াতেন।

## ফুটনোট

[1] . অর্থাৎ তোমাদের পরস্পরের মাঝে শত্রুতা ও হিংসা-বিদ্বেষ সৃষ্টি করে দিবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88292

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন